ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৫৭২

অমরপুর, ৫ জুলাই, ২০২৫

**৯ জুলাই অমরপুরে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার উপর মহড়া অনুষ্ঠিত হবে**

সারা রাজ্যের সঙ্গে অমরপুর মহকুমায়ও আগামী ৯ জুলাই প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার উপর মহড়া অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে গতকাল অমরপুর মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় মহকুমা শাসক অনুপম চক্রবর্তী সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয় ঐদিন সকাল সাড়ে ৭টায় দেববাড়ি গ্রাম এবং ছবিমুড়ার গোমতী নদীতে এই মহড়ার আয়োজন করা হবে। মহড়ায় বন্যা ও ভূমি ধ্বসের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে। পাশাপাশি বন্যা কবলিত এলাকার মানুষ ও গবাদি পশুকে কিভাবে নিরাপদ স্থানে সরিয়ে আনা যাবে, কিভাবে জরুরী ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া যাবে সে বিষয়ে মহড়ায় হাতে কলমে দেখানো হবে। মহড়ায় টিএসআর, আপদামিত্র, সিভিল ডিফেন্স, পুলিশ, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ অংশগ্রহণ করবে।

*******